# এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

## যশোর বোর্ড-২০১৭ বিষয় কোড : ২ ৭ ৮

### বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র (সৃজনশীল)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১। মি. জুনায়েদ একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি তার কর্মীদের পর্যাপ্ত পরিমাণ পারিশ্রমিক দেন না। ফলে কর্মীদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে। আর্থিক-অনার্থিক সব উপাদান নিশ্চিত করার মাধ্যমে তিনি কর্মীদের মনোবল বৃদ্ধি করে একটি সুষ্ঠু উৎপাদন পরিবেশ সৃষ্টির মাধ্যমে উৎপাদনের পরিমাণ ও মান বাড়তে আগ্রহী।

(ক) ব্যবস্থাপক কে? ১
(খ) "ব্যবস্থাপনা সর্বজনীন"– ব্যাখ্যা কর। ২
(গ) মি. জুনায়েদ কর্তৃক কর্মীদের প্রদত্ত অপর্যাপ্ত পারিশ্রমিক ব্যবস্থাপনার কোন কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উৎপাদনের পরিমাণ ও মান বৃদ্ধিতে মি. জুনায়েদ কর্মীদের মনোবল বৃদ্ধির সিদ্ধান্তের যথার্থতা মূল্যায়ন কর। ৪

২। মি. জাকিউল বন্ধন গ্রুপের একজন ব্যবস্থাপক। তিনি তার অধস্তনদের সবাইকে একই চোখে দেখেন। অধস্তনরাও তাকে শ্রদ্ধা করেন। ফলে তাদের মধ্যে পারস্পরিক সম্পর্ক সুদৃঢ় রয়েছে। একদিন অধস্তনদের মধ্যে কাজ নিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি হলে তিনি তার অভিজ্ঞতা ও তীক্ষ্ণ বুদ্ধিমত্তার মাধ্যমে দ্রুততার সাথে সমস্যা সমাধান করেন।

(ক) বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১
(খ) ব্যবস্থাপনা চক্র কী? ব্যাখ্যা কর। ২
(গ) মি. জাকিউল ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের আলোকে মি. জাকিউলকে কী আদর্শ ব্যবস্থাপক বলা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। তিস্তা কলেজের রোভার স্কাউট গ্রুপের সদস্যা মানবসেবায় নিয়োজিত। তারা তিস্তা পারের বন্যা দুর্গত মানুষের জন্য খাবার স্যালাইন তৈরি করে বিনামূল্যে সরবরাহ করবে। এজন্য এক বছরে বন্যার সময় কী পরিমাণ স্যালাইনের চাহিদা থাকে তার তথ্য সংগ্রহ করছে।

(ক) লক্ষ্য কী? ১
(খ) ভিশন-২০২১ কেন দীর্ঘ মেয়াদি পরিকল্পনা, ব্যাখ্যা কর। ২
(গ) রোভার স্কাউট গ্রুপের পরিকল্পনাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
(ঘ) তুমি কি মনে কর উক্ত পরিকল্পনার আলোকে গ্রুপটির উদ্দেশ্য বাস্তবায়িত হবে? মতামত দাও। ৪

৪। আশা লিমিটেডের নতুন বিক্রয়কর্মী নিয়োগের প্রয়োজন। এজন্য কর্তৃপক্ষ ৩ সদস্যের একটি বোর্ড গঠন করলেন। উক্ত বোর্ড তাদের কাজ সম্পাদনের জন্য পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দিলেন।

(ক) কমিটি কী? ১
(খ) শিল্প প্রতিষ্ঠানে কার্যভিত্তিক সংগঠন উপযোগী কেন? ২
(গ) নিয়োগের ক্ষেত্রে আশা লিমিটেড কোন ধরনের সংগঠন কাঠামো অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) বোর্ড গঠনের মাধ্যমে আশা লিমিটেডের ক্ষমতা বিকেন্দ্রীকরণে কোনো প্রভাব পড়বে কী? মতামত দাও। ৪

৫। মি. সাগর ও মি. সুজন দুই বন্ধু পাশাপাশি ২টি গার্মেন্টস শিল্প গড়ে তুলেছেন। মি. সাগর নতুন কর্মী নিয়োগে কর্মরত কর্মীদের সুপারিশকে গুরুত্ব দেন এবং কোনো পদ শূন্য হলে ভিতর থেকে কাউকে পদোন্নতি প্রদান করেন। অন্যদিকে মি. সুজন বিজ্ঞপ্তির দ্বারা যোগ্য ব্যক্তি বেছে নেন। এতে কর্মীদের মান ও দক্ষতার বিচারে মি. সাগর থেকে মি. সুজন অনেক এগিয়ে। ফলে মি. সুজন এর প্রতিষ্ঠান আশানুরূপ মুনাফা করছে।

(ক) পদোন্নতি কী? ১
(খ) প্রশিক্ষণ একটি প্রতিষ্ঠানে অপরিহার্য কেন? ২
(গ) উদ্দীপকে মি. সাগর প্রতিষ্ঠানে কর্মী সংগ্রহে কোন উৎস ব্যবহার করেন তা ব্যাখ্যা কর। ৩
(ঘ) মি. সুজনের সাফল্যের কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

TeachingBD.com

৬। মিসেস রিজু একটি উৎপাদনধর্মী প্রতিষ্ঠানের মালিক। প্রতিষ্ঠানের কর্মীদের আগ্রহী করে ধরে রাখার জন্য তিনি নির্দিষ্ট সময় পর চাকরিকালের ওপর ভিত্তি করে কর্মীদের পদোন্নতি দিয়ে থাকেন। পদোন্নতি দেয়ার পর পরই প্রতিষ্ঠানে দক্ষ ও যোগ্য কর্মীদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়। মিসেস রিজু পদোন্নতির বিষয়টি নিয়ে ভাবছেন।

(ক) কর্মী নিয়োগ কতভাবে হতে পারে? ১

(খ) মানবসম্পদ ব্যবস্থাপনা কী? ব্যাখ্যা কর। ২

(গ) পদোন্নতি প্রদানে মিসেস রিজু যে পদ্ধতি অনুসরণ করেছেন তা কী যথেষ্ট? ব্যাখ্যা কর। ৩

(ঘ) তোমার মতে মি. রিজুর প্রতিষ্ঠানে পদোন্নতির ভিত্তি কী হওয়া উচিৎ? মতামত দাও। ৪

৭। জনাব জাহিন একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব পালন করছেন। তিনি নিজে প্রতিষ্ঠানে খুব একটা সময় দেন না বরং কর্মীদের ওপর দায়িত্ব দিয়ে নিশ্চিন্তে থাকতে চান। ফলে প্রতিষ্ঠানটি মারাত্মক আর্থিক সংকটে পড়ে যায়। এ অবস্থা হতে উত্তোরণে তিনি নেতৃত্বের কৌশল পরিবর্তন করে কর্মীদের সাথে আলাপ আলোচনার মাধ্যমে কাজ পরিচালনা করতে চান।

(ক) নেতৃত্ব কী? ১

(খ) গণতান্ত্রিক নেতৃত্ব উত্তম কেন? ২

(গ) জনাব জাহিন প্রতিষ্ঠানে কী ধরনের নেতৃত্ব অনুসরণ করছেন? ব্যাখ্যা কর। ৩

(ঘ) প্রতিষ্ঠানের আর্থিক সংকট নিরসনে জনাব জাহিন কর্তৃক সিদ্ধান্ত কতটুকু যথার্থ বলে তুমি মনে কর? অভিমত দাও। ৪

৮। মি. তারিক একটি পোল্ট্রি ফিড মিলের মালিক। অন্যান্য প্রতিষ্ঠান শ্রমিকদের ৩০% বেতন বৃদ্ধি করলেও মি. তারিক তার প্রতিষ্ঠানের বেতন বাড়ালেন ২০%। কিন্তু মি. তারিখ মিলের কাজের পরিবেশকে অনেক পরিচ্ছন্ন ও সুন্দর করলেন। শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা, যাতায়াত সুবিধা এবং চাকরির নিরাপত্তার বিষয়ে ঘোষণা করলেন। এতে শ্রমিকরা উৎসাহিত হল। বছর শেষে অন্যান্য প্রতিষ্ঠানের চেয়ে তার প্রতিষ্ঠান বেশি উৎপাদন করল।

(ক) বোনাস কী? ১

(খ) প্রেষণাকে অবিরাম প্রক্রিয়া বলা হয় কেন? ২

(গ) উদ্দীপকে অন্যান্য প্রতিষ্ঠান কর্মীদের প্রেষণা দেয়ার ক্ষেত্রে কোন দিকটিকে বেশি প্রাধান্য দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩

(ঘ) অনুকূল পরিবেশ পেলে কর্মীরা যে কোনো আর্থিক সুবিধার চেয়েও বেশি উৎসাহিত হয়– উদ্দীপকের আলোকে এর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯। জনাব জিম ওয়ার্ল্ডনেট লিমিটেডের ব্যবস্থাপক। তিনি কম্পিউটারসহ অন্যান্য ইলেকট্রনিক যন্ত্রপাতি ব্যবহার করে প্রতিষ্ঠানের কাজগুলো স্বয়ংক্রিয়ভাবে করার চেষ্টা করেন। ইন্টারনেটে ওয়েবসাইটের মাধ্যমে প্রতিষ্ঠানের পরিচিতি ও উৎপাদিত পণ্যের মূল্য, গুণাবলি, ব্যবহার বিধি তুলে ধরেন। ব্যবসায় সংশ্লিষ্ট পক্ষের সাথে যোগাযোগের জন্য এবং তথ্য আদান-প্রদানের জন্য ই-মেইল ব্যবহার করেন। এখন প্রতিষ্ঠানের যে কোনো সিদ্ধান্ত তিনি দ্রুত গ্রহণ করতে পারেন।

(ক) তথ্য প্রযুক্তি কাকে বলে? ১

(খ) যোগাযোগ প্রক্রিয়া বলতে কী বোঝায়? ২

(গ) উদ্দীপকের আলোকে ওয়ার্ল্ডনেট লিমিটেডের ব্যবস্থাপনার তথ্য প্রযুক্তির ভূমিকা বিশ্লেষণ কর। ৩

(ঘ) জনাব জিম এর প্রতিষ্ঠান পরিচালনায় ইন্টারনেট ও ই-মেইল থেকে প্রাপ্ত সুযোগ সুবিধাগুলো বর্ণনা কর। ৪

১০। জনাব রাসেল একজন ঊর্ধ্বতন নির্বাহী। তিনি উৎপাদন ব্যবস্থাপক জনাব শাকিবকে বার্ষিক ২০,০০০ ইউনিট পণ্য উৎপাদন ও বিক্রয় ব্যবস্থাপক জনাব রুবেলকে সমপরিমাণ পণ্য বিক্রয়ের নির্দেশনা প্রদান করেন। কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য জনাব রাসেল সরবরাহকারী ও বিক্রেতাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করেন।

(ক) সমন্বয় কী? ১

(খ) নমনীয়তার নীতি বলতে কী বোঝ? ২

(গ) উদ্দীপকে উল্লিখিত নির্বাহীর সাথে জনাব শাকিব ও জনাব রুবেল এর মধ্যে কোন প্রকার সমন্বয় সাধন অনুষ্ঠিত হয়েছে? ৩

(ঘ) জনাব রাসেল কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য কোন ধরনের সমন্বয় সাধন করেছেন? ব্যাখ্যা কর। ৪

১১। জনাব সিয়াম একটি কেবলস কোম্পানির ব্যবস্থাপক। তিনি যুক্তরাষ্ট্র থেকে ৬ মাস মেয়াদি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ শেষে কাজে যোগদান করেন। পূর্বের গৃহীত যুগোপযোগী পরিকল্পনা অনুযায়ী বিদ্যমান কর্মীদের মধ্যে তিনি দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করেন এবং বণ্টন করেন। অন্যদিকে তিনি আধুনিক, উপযুক্ত, মিতব্যয়ী ও বাস্তবসম্মত নিয়ন্ত্রণ কৌশল গ্রহণ করেন এবং শ্রমিকদের মধ্যে ব্যাখ্যা করেন। কিন্তু শ্রমিকরা বিষয়টি ভালোভাবে না নেয়ায় নিয়ন্ত্রণ কার্যক্রম ব্যাহত হয়। ফলে প্রতিষ্ঠান ক্ষতির সম্মুখীন হয়।

(ক) নিয়ন্ত্রণ কী? ১

(খ) ব্যবস্থাপনায় নিয়ন্ত্রণ কেন প্রয়োজন? বুঝিয়ে লিখ? ২

(গ) জনাব সিয়াম এর প্রথম কাজটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

(ঘ) নিয়ন্ত্রণ কার্যক্রমটি সফল করতে জনাব সিয়াম কী পদক্ষেপ গ্রহণ করতে পারেন? তা ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

# ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৭ | ৮ |

সময় — ৩০ মিনিট

পূর্ণমান — ৩০

**[বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে?
(ক) হেনরী ফেওল (খ) এফ. ডব্লিউ. টেলর
(গ) এলটন মেয়ো (ঘ) রবার্ট ওয়েন

২। ব্যবস্থাপনা চক্রের কোন কাজটি অন্যান্য সকল কাজের ভিত্তি হিসেবে বিবেচিত হয়?
(ক) নিয়ন্ত্রণ (খ) সংগঠন
(গ) পরিকল্পনা (ঘ) নির্দেশনা

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মফিজ 'রানার লি.' নামে একটি মোটর সাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা। তাঁর প্রত্যক্ষ তত্ত্বাবধানে পাঁচ জন্য শ্রমিক কাজ করেন।

৩। উদ্দীপকে বর্ণিত জনাব মফিজ যে স্তরের ব্যবস্থাপক—
i. নিম্ন
ii. মধ্য
iii. উচ্চ
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) iii (ঘ) i ও ii

৪। জনাব মফিজের কোন ধরনের দক্ষতা বেশি প্রয়োজন?
(ক) সমস্যা অনুধাবণ (খ) ধারণাগত
(গ) আন্তঃব্যক্তিক (ঘ) কারিগরি

৫। হেনরি ফেওল ব্যবস্থাপনার কয়টি মূলনীতি প্রবর্তন করেন?
(ক) ১০ (খ) ১৪
(গ) ১৬ (ঘ) ২০

৬। ঢাকা কলেজের সাপ্তাহিক ক্লাস রুটিন কোন ধরনের পরিকল্পনা?
(ক) স্থায়ী (খ) একার্থক
(গ) লক্ষ্য (ঘ) নীতি

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তহুলিম সম্প্রতি Y ব্যাংকে অফিসার পদে যোগদান করেছেন। তিনি তার উপর ন্যস্ত সব কাজ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে সম্পাদন করার চেষ্টা করেন। কিন্তু একই সাথে ব্যবস্থাপক ও প্রিন্সিপাল অফিসারগণ ভিন্ন ভিন্ন আদেশ প্রদান করলে তিনি কার্যসম্পাদনে বিব্রতবোধ করেন।

৭। ব্যবস্থাপক ও প্রিন্সিপাল অফিসারগণ ব্যবস্থাপনার কোন নীতি উপেক্ষা করেছেন?
(ক) শ্রম বিভাজন (খ) নির্দেশনার ঐক্য
(গ) আদেশের ঐক্য (ঘ) নিয়মানুবর্তিতা

৮। উক্ত নীতি উপেক্ষার ফলে যে সমস্যা সৃষ্টি করে তাহলো—
i. বিশৃঙ্খলা
ii. সিদ্ধান্তহীনতা
iii. কার্য অসন্তুষ্টি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯। আনুষ্ঠানিক সংগঠন কাঠামো কত ধরনের?
(ক) ৩ (খ) ৪
(গ) ৫ (ঘ) ৬

১০। সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হলো—
i. সমস্যা চিহ্নিতকরণ
ii. সমস্যা সমাধানে বিকল্প উদ্ভাবন
iii. উত্তম বিকল্প গ্রহণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১। দ্রব্য ও কার্যের মিশ্রণে গঠিত সংগঠনের নাম কী?
(ক) সরলরৈখিক ও উপদেষ্টা (খ) সরলরৈখিক
(গ) কার্যভিত্তিক (ঘ) মেট্রিক্স

১২। প্রশিক্ষণের মাধ্যমে প্রধানত কর্মীর কী বৃদ্ধি পায়?
(ক) শিক্ষা (খ) মনোবল
(গ) দক্ষতা (ঘ) কার্যসন্তুষ্টি

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হারুন তাঁর ব্যবসায় প্রতিষ্ঠানের কাজসমূহ চিহ্নিত করে বিভিন্ন বিভাগে ভাগ করেন। প্রতি বিভাগের প্রধান হিসেবে বিশেষজ্ঞ ব্যক্তিকে নির্বাহী ক্ষমতা দিয়ে সংগঠন কাঠামো সাজান।

১৩। উদ্দীপকে প্রতিষ্ঠানটির সংগঠন কাঠামো কোন ধরনের?
(ক) কার্যভিত্তিক (খ) সরলরৈখিক
(গ) সরলরৈখিক ও পদস্থকর্মী (ঘ) মেট্রিক্স

১৪। উদ্দীপকের সংগঠন কাঠামোর সুবিধা হলো—
i. কার্যক্ষেত্রে বিশেষজ্ঞ জ্ঞানের প্রয়োগ
ii. দায়িত্ব এড়ানোর সুযোগ
iii. স্বেচ্ছাচারিতা হ্রাস
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

http://teachingbd.com

১৫। যোগাযোগ প্রক্রিয়ার প্রথম উপাদান কোনটি?
(ক) সংবাদ (খ) প্রেরক
(গ) প্রাপক (ঘ) মাধ্যম

১৬। হার্জবার্গের দ্বি উপাদান তত্ত্বের প্রেষণামূলক উপাদান হল–
i. বেতন
ii. সাফল্য
iii. স্বীকৃতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শফিক একটি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী। তিনি সকল ক্ষমতা নিজের কাছে কুক্ষিগত করে রাখেন এবং নিজের ইচ্ছামত সিদ্ধান্ত গ্রহণ করেন। ফলে অধস্তনগণ কার্য সম্পাদনে উৎসাহ বোধ করেন না। এতে লক্ষ্য অর্জনে সমস্যা হচ্ছে।

১৭। জনাব শফিকের নেতৃত্ব কোন ধরনের?
(ক) স্বৈরতান্ত্রিক (খ) লাগামহীন
(গ) পিতৃসুলভ (ঘ) গণতান্ত্রিক

১৮। কোন ধরনের নির্দেশনা কৌশল উদ্দীপকের সমস্যা সমাধান করতে পারে?
(ক) লাগামহীন (খ) স্বৈরাচারী
(গ) পরামর্শমূলক (ঘ) পিতৃসুলভ

১৯। কোনটি একার্থক পরিকল্পনা?
(ক) প্রকল্প (খ) নীতি
(গ) প্রক্রিয়া (ঘ) বিধি

২০। উত্তম পরিকল্পনার বৈশিষ্ট্য হল–
i. বাস্তবমুখিতা
ii. অনমনীয়তা
iii. সুস্পষ্ট উদ্দেশ্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১। SMS এর পূর্ণরূপ কোনটি?
(ক) Short Mail Service
(খ) Short Message Service
(গ) Silent Message Service
(ঘ) Swift Message Service

২২। সমন্বয়ের গুরুত্বপূর্ণ নীতি হল–
i. প্রারম্ভে শুরু
ii. উদ্দেশ্যে ঐক্য
iii. নিরবচ্ছিন্নতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সখিনা বেগম একটি গার্মেন্টস ফ্যাক্টরীতে সেলাই মেশিন অপারেটর হিসেবে কাজ করেন। এজন্য তিনি মাসিক বেতন পান যা দিয়ে তাঁর অন্ন-বস্ত্রের সংস্থান হয়। এ ছাড়াও তিনি বাড়ী ভাড়া ও যাতায়াত ভাতা পান। কিন্তু তাঁর চাকুরি অস্থায়ী হওয়ার তিনি খুবই দুশ্চিন্তাগ্রস্ত।

২৩। উদ্দীপকে বর্ণিত সখিনা কর্তৃক প্রাপ্ত সুবিধা মাজলোর চাহিদা সোপান তত্ত্বের কোন চাহিদা পূরণ করে?
(ক) নিরাপত্তা (খ) জৈবিক
(গ) সামাজিক (ঘ) আত্মতৃপ্তি

২৪। মাজলোর চাহিদা সোপান তত্ত্বের পরবর্তী স্তরে সখিনাকে পৌছাতে গার্মেন্টস ফ্যাক্টরী কর্তৃপক্ষের করণীয় কী?
(ক) বেতন বৃদ্ধি (খ) যাতায়াত ভাতা বৃদ্ধি
(গ) বাড়ী ভাড়া বৃদ্ধি (ঘ) চাকুরি স্থায়ীকরণ

২৫। কলেজের ঘণ্টা বাজানোর শব্দ কোন ধরনের যোগাযোগ?
(ক) বাহ্যিক (খ) শাব্দিক
(গ) শব্দ-বহির্ভূত (ঘ) অনানুষ্ঠানিক

২৬। পদোন্নতির ভিত্তি হল–
i. জ্যেষ্ঠতা
ii. যোগ্যতা
iii. জ্যেষ্ঠ্যতা ও যোগ্যতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ফিরোজ একটি টেলিভিশন উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদন ব্যবস্থাপক। তার প্রতিষ্ঠান মাসে ২০,০০০ একক টেলিভিশন তৈরির লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। কিন্তু মাস শেষে ১৫,০০০ একক টেলিভিশন তৈরি হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় জনাব ফিরোজ উদ্বিগ্ন।

২৭। উদ্দীপকে বিচ্যুতির পরিমাণ কত একক?
(ক) ৫,০০০ (খ) ১০,০০০
(গ) ১৫,০০০ (ঘ) ২০,০০০

২৮। লক্ষ্যমাত্রা অর্জনের জনাব ফিরোজের করণীয় হল–
i. আদর্শমান নির্ধারণ
ii. বিচ্যুতির কারণ নির্ণয় ও মূল্যায়ন
iii. সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯। সমচ্ছেদ বিন্দু বলতে কী বুঝায়?
(ক) আয় > ব্যয় (খ) আয় < ব্যয়
(গ) আয় = ব্যয় (ঘ) আয় ≤ ব্যয়

৩০। প্রাপক কর্তৃক প্রাপ্ত সংবাদের প্রতিক্রিয়াকে কী বলে?
(ক) ভাষণ (খ) ফলাবর্তন
(গ) অবহিতকরণ (ঘ) অনুভূতি

Teachingbd.com

# প্রশ্নের উত্তর

১. ক.
খ.
গ. প্রেষণা
ঘ. কর্মী মনোবল, সৃষ্টিতে প্রেষণার গুরুত্ব এবং উৎপাদনের ওপর তার প্রভাব লিখতে হবে

২. ক.
খ.
গ. সাম্যের নীতি
ঘ. আদর্শ ব্যবস্থাপকের গুণ উদ্দীপক সম্পৃক্ত করে লিখতে হবে

৩. ক.
খ.
গ. একার্থক পরিকল্পনা
ঘ. একার্থক পরিকল্পনা এর সুবিধা সম্পৃক্ত করে লিখতে হবে (দু'টির জ্ঞান একই হওয়ায় প্রশ্ন দুর্বল)

৪. ক.
খ.
গ. কমিটি সংগঠন
ঘ. ক্ষমতার বিকেন্দ্রীকরণ কমিটি সম্পৃক্ত করে লিখতে হবে

৫. ক.
খ.
গ. অভ্যন্তরীণ উৎস
ঘ. বাহ্যিক উৎস, এর সুবিধা উদ্দীপক সম্পৃক্ত করে লিখতে হবে

৬. ক.
খ.
গ. জেষ্ঠ্যতার ভিত্তিতে, প্রতিষ্ঠান বিবেচনায় যথেষ্ট নয়
ঘ. জেষ্ঠ্যতা ও যোগ্যতার সম্মিলনে পদোন্নতি দিলে ভালো হবে

৭. ক.
খ.
গ. লাগামহীন নেতৃত্ব
ঘ. গণতান্ত্রিক নেতৃত্ব প্রতিষ্ঠার চিন্তা যথার্থ হবে

৮. ক.
খ.
গ. আর্থিক প্রেষণা
ঘ. অনার্থিক প্রেষণার ভালো দিক উদ্দীপক সম্পৃক্ত করে লিখতে হবে

৯. ক.
খ.
গ. তথ্য প্রযুক্তির ভূমিকা (প্রশ্ন দূর্বল)
ঘ. ইন্টারনেট ও ই-মেইলের সুবিধা উদ্দীপক সম্পৃক্ত করে লিখতে হবে

১০. ক.
খ.
গ. লক্ষ্যের বা উদ্দেশ্যের ঐক্য
ঘ. প্রত্যক্ষ যোগাযোগের নীতি, এর সুবিধা সম্পৃক্ত করে লিখতে হবে

১১. ক.
খ.
গ. সংগঠন
ঘ. নমনীয়তায় নীতি গ্রহণ করতে পারেন, এর কার্যকারিতা উল্লেখ করতে হবে

**সঠিক উত্তর** (বহুনির্বাচনি প্রশ্ন)

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ খ | ২ গ | ৩ ক | ৪ ঘ | ৫ খ | ৬ ক | ৭ গ | ৮ খ | ৯ গ | ১০ ঘ |
| ১১ ঘ | ১২ গ | ১৩ ক | ১৪ খ | ১৫ খ | ১৬ গ | ১৭ ক | ১৮ গ | ১৯ ক | ২০ খ |
| ২১ খ | ২২ ঘ | ২৩ খ | ২৪ ঘ | ২৫ গ | ২৬ ঘ | ২৭ ক | ২৮ গ | ২৯ গ | ৩০ খ |

Teachingbd.com